দৈনিক বাংলা

তারিখ ... 24/11/80 ...
পৃষ্ঠা ... 4 কলাম ... 2 ...

073

# সরকারী কলেজ শিক্ষকদের দাবী মানার আহ্বান

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের পাঁচজন সদস্য ও ডাকসুসহ বিভিন্ন মহল দেশের সরকারী কলেজের ধর্মঘটী শিক্ষকদের ন্যায্য দাবীসমূহ কাল বিলম্ব না করে মেনে নেয়ার জন্য সরকারের প্রতি আহবান জানান।

বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের পাঁচজন সদস্য এক যুক্ত বিবৃতিতে দীর্ঘ ৬৫ দিন একটানা ধর্মঘট পালনের পরেও সরকার দেশের সরকারী কলেজ শিক্ষকদের দাবীর প্রতি উপেক্ষা প্রদর্শনে তীব্র ক্ষোভ ও নিন্দা জ্ঞাপন করেন। তারা বলেন ইতিমধ্যে সরকারী কলেজের শিক্ষকরা আমরণ অনশন ধর্মঘট ও লং মার্চের সিদ্ধান্ত নিয়েছেন। আমরা আশা করব এ ধরনের চরম পথ গ্রহণের পূর্বেই সরকার তাদের দাবী মেনে নেবেন।

বিবৃতিতে সরকারী কলেজের শিক্ষকদের এই আন্দোলনের সঙ্গে একাত্মতা ঘোষণা করা হয়। বিবৃতিতে স্বাক্ষর দেন সিনেট সদস্য সর্বজনাব মাহমুদুর রহমান মান্না আখতারুজ্জামান, জিয়া উদ্দীন আহমদ, সলিমউল্লাহ খান ও মিস শিরীন আখতার।

## ডাকসু

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) সহ-সভাপতি জনাব মাহমুদুর রহমান মান্না ও সাধারণ সম্পাদক জনাব আখতারুজ্জামান অপর এক বিবৃতিতে বলেন যে সরকারী কলেজের শিক্ষকদের ধর্মঘটের কারণে ইতিমধ্যেই ছাত্রছাত্রীদের লেখাপড়ার ব্যাপক ক্ষতি সাধিত হয়েছে। কিন্তু সরকার এ বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করেননি। বিভিন্ন শ্রেণীর আসন্ন পরীক্ষাও এ জন্য ক্ষতিগ্রস্থ হচ্ছে।

ধর্মঘটী কলেজ শিক্ষকদের অনশন ধর্মঘট ও 'ঢাকা মার্চ' এর কর্মসূচীর প্রতিও তারা পূর্ণ সমর্থন জানান।

## আইডিএল

আইডিএলএর চেয়ারম্যান মওলানা মুহাম্মদ আবদুর রহীম এমপি ও সাধারণ সম্পাদক মওলানা মুহাম্মদ আবদুস সোবহান এক যুক্ত বিবৃতিতে দেশের ব হত্তর স্বার্থে সরকারী কলেজ শিক্ষকদের যুক্তিসঙ্গত দাবীগুলো মেনে নিয়ে ধর্মঘটের অবসান শিক্ষাক্ষেত্রে বিরাজমান অনিশ্চয়তার অবসানের উদ্দেশ্যে জরুরী পদক্ষেপ গ্রহণের জন্য সরকারের প্রতি আহবান জানান।